



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তুলা উন্নয়ন বোর্ড  
নির্বাহী পরিচালকের কার্যালয়  
খামারবাড়ি, ঢাকা।  
[www.cdb.gov.bd](http://www.cdb.gov.bd)



স্মারক নং-১২.০৭.০০০০.১০১.১১.০০২.১৩.১৭৫

তারিখঃ ২৮ এপ্রিল ২০২২ খ্রিঃ।

### অফিস আদেশ


বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটির সুপারিশ এবং সন্তোষজনক পুলিশ প্রত্যয়নসহ প্রযোজ্য অন্যান্য কোটা সংক্রান্ত সনদ পত্রের সঠিকতা যাচাই প্রতিবেদনের ভিত্তিতে নিম্নবর্ণিত প্রার্থীগণকে তুলা উন্নয়ন বোর্ডের রাজস্বখাতভুক্ত “সীটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর” এর স্থায়ী পদে জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী টাঃ ১০২০০-২৪৬৮০/- বেতন স্কেলে সরকারী নিয়মানুযায়ী প্রদেয় ভাতাদিসহ শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান পূর্বক তাঁর নামের পার্শ্বে বর্ণিত কার্যালয়ে পদায়ন করা হলো।

ক্র. নং	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল	কোটা
১.	মোঃ আবদুল্লাহ পিতা- মোঃ মীর আবদুল আলীম মাতা- আসমা বেগম	গ্রামঃ হাসনাতি ডাকঘরঃ লক্ষরদিয়া-৭৮৪১ থানাঃ নগরকান্দা জেলাঃ ফরিদপুর।	তুলা উন্নয়ন বোর্ড সদর দপ্তর খামারবাড়ি, ঢাকা।	সাধারণ জেলা কোটা

### শর্তাবলী:

- (১) চাকুরীতে যোগদানকালে সরকারি বিধি অনুযায়ী সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদন দাখিল করতে হবে।
- (২) ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি চাকুরীতে বহাল রাখা অনুপযোগী বলে বিবেচিত হন তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরী হতে অপসারণ করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হওয়ার পর চাকুরী স্থায়ী করা হবে।
- (৩) যদি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার প্রতিশ্রুতিবদ্ধ হন তবে এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।
- (৪) এ পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তার চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা চাকুরি নিয়ন্ত্রিত হবে।
- (৫) চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণভাতা/দৈনিক ভাতা প্রাপ্ত হবেন না।

০২। উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে আগামী ২৫-০৫-২০২২ তারিখ পূর্বাঙ্কে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে ইচ্ছুক নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

  
(মোঃ আশরাফুল হক)  
নির্বাহী পরিচালক  
ফোন-৫৫০২৮৩৫৫  
ই-মেইল: ed@cdb.gov.bd  
২৮/০৪/২০২২

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)

স্মারক নং-১২.০৭.০০০০.১০১.১১.০০২.১৩. ২৭৫

তারিখঃ ২৮ এপ্রিল ২০২২ খ্রিঃ।


অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২. সিভিল সার্জন, ঢাকা।
৩. তুলা উন্নয়ন কর্মকর্তা (আইসিটি শাখা), তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা (সিডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. হিসাব রক্ষণ কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
৫. জনাব মোঃ আবদুল্লাহ, পিতা- মোঃ মীর আবদুল আলীম, মাতা- আসমা বেগম, স্থায়ী ঠিকানাঃ গ্রাম- হাসনাতি, ডাকঘর- লক্ষরদিয়া- ৭৮৪১, থানা- নগরকান্দা, জেলাঃ ফরিদপুর।
৬. অফিস/সংশ্লিষ্ট ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

সচিব, কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (গবেষণা অনুবিভাগ)।

  
নির্বাহী পরিচালক  
তুলা উন্নয়ন বোর্ড  
২৮/০৪/২০২২